রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, নভেম্বর ২৬, ১৯৯৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

প্রশাসন শাখা।

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২২শে নভেম্বর, ১৯৯৪ ইং/৮ই অগ্রহায়ণ, ১৪০১ বাং

এস আর ও নং ৩৩০-আইন/৯৪—মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ (১৯৯০ সনের ২০ নং আইন) এর ধারা ৫৫এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ—

১। সংক্ষিপ্ত শিরনামা।—এই বিধিমালা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৯৪ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় কিংবা প্রসংগের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "অধিদপ্তর" অর্থ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, এবং আত্মীকৃত কোন কর্মচারীর ক্ষেত্রে Surplus Public Servants Absorption Ordinance, 1985 (XXIV of 1985) এর বিধান অনুযায়ী আত্মীকরণের অব্যবহিত পূর্বে সংশ্লিষ্ট কর্মচারী যে দপ্তরে কর্মরত ছিলেন সেই দপ্তরের চাকুরী গণনা করা হইয়া থাকিলে উহা সাপেক্ষে, উক্ত দপ্তরও অন্তর্ভুক্ত হইবে।

(খ) "অনুমোদিত প্রতিষ্ঠান বা ইনষ্টিটিউট" অর্থ সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে অনুমোদিত কোন প্রতিষ্ঠান বা ইনষ্টিটিউট,

(গ) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন,

(ঘ) "তফসিল" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল,

(ঙ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তা,

(চ) "পদ" অর্থ তফসিলে উল্লেখিত কোন পদ,



মূল্যঃ টাকা ৪·০০

(ছ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা,

(জ) "শিক্ষানবিস" অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি,

(ঝ) "স্বীকৃতি প্রাপ্ত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃতি প্রাপ্ত বোর্ড" অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ডকে বুঝাইবে এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি।**—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে, কোন পদে নিম্নবিধৃত পদ্ধতিতে নিয়োগ দান করা হইবে ঃ—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে, এবং

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না যদি তজ্জন্য তাঁহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়ঃসীমার মধ্যে না হয় ঃ-

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তিকে কোন পদে এডহক ভিত্তিতে ইতিপূর্বে নিয়োগ করা হইয়া থাকিলে, উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তাহার সর্বোচ্চ বয়ঃসীমা শিথিল করা যাইতে পারে।

৪। **সরাসরি নিয়োগ।**—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন;

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ যিনি বাংলাদেশের নাগরিক নহেন;

(৩) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা ক্ষেত্র বিশেষে তদকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদে দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে, এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৪) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফর্ম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন;

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবে না।

৬। **শিক্ষানবিস।**—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোন পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিস স্তরে,—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য, এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য; নিয়োগ করা হইবে ঃ—

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিসের মেয়াদ এইরূপ বৃদ্ধি করিতে পারেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিস মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবে;

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিসের মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিসের মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল, তাহা হইলে, উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবে, এবং—

(খ) যদি মনে করে যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবে, এবং—

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারী আদেশ বলে, সময় সময়, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি পাশ করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

তফসিল

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | মহাপরিচালক | | (ক) অতিরিক্ত মহাপরিচালক পদ হইতে পদোন্নতির মাধ্যমে, অথবা (খ) প্রেষণে বদলীর মাধ্যমে। | অধিদপ্তরে অন্যূন ২৩ (তেইশ) বৎসরের প্রথম শ্রেণীর সরকারী চাকুরী, তন্মধ্যে ফিডার পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরী। |
| ২ | অতিরিক্ত মহাপরিচালক | | (ক) পরিচালক পদ হইতে পদোন্নতির মাধ্যমে, অথবা (খ) প্রেষণে বদলীর মাধ্যমে। | অধিদপ্তরে অন্যূন ২০(বিশ) বৎসরের প্রথম শ্রেণীর সরকারী চাকুরী, তন্মধ্যে ফিডার পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরী। |
| ৩ | পরিচালক | | (ক) অতিরিক্ত পরিচালক এবং সিস্টেম এ্যানালিস্ট পদ হইতে পদোন্নতির মাধ্যমে, অথবা (খ) প্রেষণে বদলীর মাধথমে। | ফিডার পদে অন্যূন ৫(পাচ) বৎসরের চাকুরীসহ অধিদপ্তরে প্রথম শ্রেণীর সরকারী চাকুরীতে অন্যূন ১৭(সতের) বৎসর চাকুরী। |
| ৪ | অতিরিক্ত পরিচালক | | (ক) উপ-পরিচালক পদ হইতে পদোন্নতির মাধ্যমে, অথবা (খ) প্রেষণে বদলীর মাধ্যমে। | ফিডার পদে অন্যূন ৫ (পাচ) বৎসরের চাকুরীসহ অধিদপ্তরে অন্যূন ১২ (বার) বৎসরের প্রথম শ্রেণীর সরকারী চাকুরী। |
| ৫ | সিস্টেম এ্যানালিস্ট | ২৮-০২-৮৫ইং তারিখের এস, আর, ও, নং 104-L/85/ME/R-1/R-9/84 এর অধীন জারীকৃত The Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী। | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬ | উপ-পরিচালক | | (ক) সহকারী পরিচালক পদ হইতে পদোন্নতির মাধ্যমে।<br>(খ) পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | ফিডার পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরী। |
| ৭ | প্রোগ্রামার | ২৮-০২-৮৫ইং তারিখের এস, আর, ও নং 104-L/85/ME/R-1/R-9/85 এর অধীন জারীকৃত The Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী। | | |
| ৮ | সহকারী পরিচালক | সরকার কর্তৃক নির্ধারিত বয়সসীমা প্রযোজ্য। | (ক) ৩৪% তত্ত্বাবধায়ক, প্রসিকিউটর বা প্রশাসনিক অফিসার পদ হইতে পদোন্নতির মাধমে।<br>(খ) পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে, প্রেষণে বদলীর মাধ্যমে।<br>(গ) ৬৬% সরাসরি নিয়োগের মাধমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে ঃ—<br>ফিডার পদে অন্যূন ৪ (চার) বৎসর চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ—<br>(১) কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর ডিগ্রী।<br>(২) উচ্চতা ঃ পুরুষ ১.৬৮ মিটার, মহিলা ১.৫৭ মিটার।<br>(৩) বুকের মাপ ঃ উভয় ক্ষেত্রে ৭৮সেঃ মিঃ -৮২ সেঃমিঃ(সম্প্রসারিত)।<br>(৪) ওজন পুরুষ ৫০ কেজি, মহিলা ৪৬ কেজি।<br>(৫) অবিবাহিত হইতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৯ | রাসায়নিক পরীক্ষক | সরকার কর্তৃক নির্ধারিত বয়সসীমা প্রযোজ্য। | সরাসরি নিয়োগের মাধ্যমে এবং সরাসরি নিয়োগের জন্য যোগ্য প্রার্থী না পাওয়া গেলে, প্রেষণে বদলীর মাধ্যমে। | কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে রসায়ন বা ফলিত রসায়নে ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী।<br>অথবা<br>রসায়ন বা ফলিত রসায়নে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ১০ | সহকারী প্রোগ্রামার | ২৮-০২-৮৫ইং তারিখের এস, আর, ও, নং 104-L/85/ME/R-1/R-9/84 এর অধীন জারীকৃত The Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী। | | |
| ১১ | তত্ত্বাবধায়ক/প্রসিকিউটর | সরকার কর্তৃক নির্ধারিত বয়সসীমা প্রযোজ্য। | (ক) ৬৬% পরিদর্শক বা সহকারী প্রসিকিউটর পদ হইতে পদোন্নতির মাধ্যমে।<br>(খ) ৩৪% সরাসরি নিয়োগের মাধ্যমে।<br>(গ) পদোন্নতিযোগ্য এবং সরাসরি নিয়োগের মাধ্যমে প্রার্থী না পাওয়া গেলে, প্রেষণে বদলীর মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে ঃ-<br>ফিডার পদে অন্যুন ৪(চার) বৎসর চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ—<br>(১) কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর ডিগ্রী।<br>(২) উচ্চতা ঃ-পুরুষ ১·৬৮ মিটার, মহিলা ১·৫৭ মিটার।<br>(৩) বুকের মাপঃ—উভয় ক্ষেত্রে ৭৮ সেঃ মিঃ ৮২ সেঃ মিঃ (সম্প্রসারিত)।<br>(৪) ওজনঃ-পুরুষ ৫০ কেজি, মহিলা ৪৬ কেজি। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | (৫) অবিবাহিত।<br>অথবা<br>কোন স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পাস এবং স্বাভাবিক, স্বাস্থ্যগত কারণে অবসরপ্রাপ্ত সশস্ত্র বাহিনীর ৪৫ বছরের কম বয়সী সুবেদার বা সমমর্যাদার অফিসার। |
| ১২ | প্রশাসনিক অফিসার | | নিম্নবর্ণিতদের মধ্য হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে ঃ—<br>(ক) হিসাব রক্ষক,<br>(খ) সাঁটলিপিকার/প্রধান সহকারী<br>(গ) উচ্চমান সহকারী/সাঁটমুদ্রাক্ষরিক ক্যাশিয়ার। | ফিডার পদে ৪নং কলামের (ক) এর ক্ষেত্রে অন্যূন ৪(চার) বৎসর, (খ) এর ক্ষেত্রে অন্যূন ৭(সাত) বৎসর এবং<br>(গ) এর ক্ষেত্রে অন্যূন ১০(দশ) বৎসর চাকুরী। |
| ১৩ | অডিও ভিজুয়াল অফিসার | সরকার কর্তৃক নির্ধারিত বয়সসীমা প্রযোজ্য। | (ক) ক্যামেরাম্যান পদ হইতে পদোন্নতির মাধ্যমে,<br>(খ) পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে, সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) ফিডার পদে অন্যূন ১০ (দশ) বৎসর চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ—<br>সকল পরীক্ষায় ২য় শ্রেণী বা বিভাগসহ কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থ বিজ্ঞান বা ফলিত পদার্থ বিজ্ঞানে অন্যূন স্নাতক অথবা কোন স্বীকৃতিপ্রাপ্ত |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | বোর্ড হইতে ইলেকট্রনিক্স শাখায় দ্বিতীয় শ্রেণীর পলিটেকনিক ডিপ্লোমা<br>অথবা<br>কোন অনুমোদিত প্রতিষ্ঠান বা ইন-স্টিটিউট হইতে ফটোগ্রাফিক এবং ভিডিও ফিল্ম তৈরীর প্রশিক্ষণ সার্টি-ফিকেট। |
| ১৪ | আর্টিস্ট | সরকার কর্তৃক নির্ধারিত বয়সসীমা প্রযোজ্য। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে চারুকলায় (ফাইন আর্টস/কমার্শিয়াল আর্টস) স্নাতক ডিগ্রী সম্পন্ন। |
| ১৫ | হিসাব রক্ষক | সরকার কর্তৃক নির্ধারিত বয়সসীমা প্রযোজ্য। | (ক) ১০% পদ ক্যাশিয়ার পদ হইতে পদোন্নতির মাধ্যমে, পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে ঃ ক্যাশিয়ার পদে অন্যুন ০৬(ছয়) বৎসর চাকুরী। |
| | | | (খ) ৯০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | (খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ— কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে অন্যুন ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী সম্পন্ন এবং হিসাব ক্ষেত্রে অন্যুন ৩(তিন) বৎসরের অভিজ্ঞতা। |
| ১৬ | পরিদর্শক/সহকারী প্রসিকিউটর | সরকার কর্তৃক নির্ধারিত বয়সসীমা প্রযোজ্য। | (ক) ৩০% উপ-পরিদর্শক পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রেঃ— |

| | |
|---|---|
| (খ) ২০% গবেষণা তথ্য সংগ্রহকারী, ডাটাএন্ট্রি কন্ট্রোল অপারেটর, সাঁটলিপিকার, প্রধান সহকারী, উচ্চমান সহকারী, সাঁট-মুদ্রাক্ষরিক, ক্যাশিয়ার বা ল্যাবরেটরী সহকারী পদ হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে। | (১) ফিডার পদে উপ-পরিদর্শক এবং গবেষণা তথ্য সংগ্রহকারী পদের ক্ষেত্রে অন্যূন ০৩(তিন) বৎসরের চাকুরী।<br>এবং<br>(২) অধিদপ্তরে ডাটাএন্ট্রি কন্ট্রোল অপারেটর, সাঁটলিপিকার, প্রধান সহকারী, উচ্চমান সহকারী, সাঁট-মুদ্রাক্ষরিক, ক্যাশিয়ার বা ল্যাবরেটরী সহকারী পদের ক্ষেত্রে অন্যূন ৬ (ছয়) বৎসর চাকুরী। |
| (গ) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | (খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ--<br>(১) কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী।<br>(২) উচ্চতাঃ--পুরুষ ১·৬৮ মিটার, মহিলা ১·৫৭ মিটার।<br>(৩) বুকের মাপ ঃ--উভয় ক্ষেত্রে ৭৮ সেঃমিঃ, ৮২ সেঃমিঃ (সম্প্রসারিত)।<br>(৪) ওজন ঃ--পুরুষ ৫০ কেজি, মহিলা ৪৬ কেজি।<br>(৫) অবিবাহিত হইতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৭ | ক্যামেরাম্যান | সরকার কর্তৃক নির্ধারিত বয়সসীমা প্রযোজ্য। | (ক) সরাসরি নিয়োগের মাধ্যমে<br>(খ) সরাসরি নিয়োগের জন্য যোগ্য প্রার্থী না পাওয়া গেলে, প্রেষণে বদলীর মাধ্যমে। | (১) কোন স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে অন্যূন ২য় বিভাগে উচ্চমাধ্যমিক সার্টিফিকেটসহ কোন অনুমোদিত প্রতিষ্ঠান হইতে ফটোগ্রাফিতে ডিপ্লোমা। ভিডিও ক্যামেরাসহ সকল ধরনের ক্যামেরা ব্যবহারের অভিজ্ঞতা ও দক্ষতা থাকিতে হইবে। |
| ১৮ | উপ-পরিদর্শক | সরকার কর্তৃক নির্ধারিত বয়সসীমা প্রযোজ্য। | (ক) ৫০% সহকারী উপ-পরিদর্শকের পদ হইতে পদোন্নতির মাধ্যমে।<br>(খ) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে :—<br>ফিডার পদে অন্যূন ০৪(চার) বৎসর বৎসর চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে :—<br>কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক ডিগ্রী। |
| ১৯ | গবেষণা তথ্য সংগ্রহকারী | সরকার কর্তৃক নির্ধারিত বয়সসীমা প্রযোজ্য। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন ২য় বিভাগে স্নাতক ডিগ্রী। গবেষণা কাজে অভিজ্ঞতা। |
| ২০ | ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর। | ২৮-০২-৮৫ইং তারিখের এস, আর, ও, নং 104/L/85/ME/R-1/R-9/84 The Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী। | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২১ | প্রধান সহকারী | | উচ্চমান সহকারী সাঁট-মুদ্রাক্ষরিক বা ক্যাশিয়ার পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে অনূন ০৩ (তিন) বৎসর চাকুরী। |
| ২২ | সাঁটলিপিকার | The Stenographers and Stenotypists (Ministries/Divisions and Attached Department) Recruitment Rules, 1978 এর ১৬/৫-৭৮ইং তারিখের No. S.R.O. 109-L/ED/SWIII-3-18/78-128 এবং ১৬-০২-৮৬ইং তারিখের No. S.R.O. 57-L/86 অনুযায়ী। | | |
| ২৩ | সাঁট-মুদ্রাক্ষরিক | The Stenographers and Stenotypists (Ministries/Divisions and Attached Department) Recruitment Rules, 1978 এর ১৬-৫-৭৮ইং তারিখের No. S.R.O. 109-L/ED/SWIII-3-18/78-128 এবং ১৬-২-৮৬ইং তারিখের No. S.R.O. 57-L/86 অনুযায়ী। | | |
| ২৪ | উচ্চমান সহকারী | সরকার কর্তৃক নির্ধারিত বয়সসীমা প্রযোজ্য। | মন্ত্রণালয় ও বিভাগসমূহ (উচ্চমান সহকারী ও শাখা সহকারী) নিয়োগ বিধিমালা, ১৯৮৪ অনুযায়ী। | |
| ২৫ | ক্যাশিয়ার | সরকার কর্তৃক নির্ধারিত বয়সসীমা প্রযোজ্য। | (ক) নিম্নমান সহকারী তথা-মুদ্রাক্ষরিক পদ হইতে পদোন্নতির মাধ্যমে।<br>(খ) পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে, সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে :—<br>ফিডার পদে অন্যূন ০৩(তিন) বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে :—<br>কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রী। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২৬ | ল্যাবরেটরী সহকারী | সরকার কর্তৃক নির্ধারিত বয়সসীমা প্রযোজ্য। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে রসায়ন বিদ্যাসহ বিজ্ঞানে স্নাতক ডিগ্রী। |
| ২৭ | গাড়ীচালক | সরকার কর্তৃক নির্ধারিত বয়সসীমা প্রযোজ্য। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | অন্যূন ৮ম শ্রেণী পাস বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ হালকা ও ভারী যানবাহন চালনার দক্ষতা থাকিতে হইবে যানবাহন মেরামত সংক্রান্ত প্রশিক্ষণ প্রাপ্ত হইলে (সন্তোষজনক প্রমাণ সাপেক্ষে) অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ২৮ | সহকারী-উপ-পরিদর্শক | সরকার কর্তৃক নির্ধারিত বয়সসীমা প্রযোজ্য। | সিপাই বা ওয়ারলেস অপারেটর পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসারের চাকুরী। |
| ২৯ | নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক | নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, দপ্তরী, ডেসপাচ রাইডার, ও এম, এল, এস, এস, (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) নিয়োগবিধি, ১৯৮৫ অনুযায়ী। | | |
| ৩০ | গ্রন্থাগার সহকারী | সরকার কর্তৃক নির্ধারিত বয়সসীমা প্রযোজ্য। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় বা বোর্ড হইতে গ্রন্থাগার বিষয়ে ডিপ্লোমা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩১ | টেবুলেটর | সরকার কর্তৃক নির্ধারিত বয়সসীমা প্রযোজ্য। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড হইতে পরিসংখ্যান বা অংকসহ বিজ্ঞানে অন্যূন উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩২ | টেলিফোন অপারেটর | ঐ | ঐ | কোন স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৩ | ডুপ্লিকেটিং মেশিন অপারেটর। | নিম্নমান সহকারী তথা মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, দপ্তরী, ডেসপাচ রাইডার, ও এম, এল, এস, এস, (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) নিয়োগবিধি ১৯৮৫ এর নং এস, আর, ও, ১২৭-এল/৮৫, তারিখ ১২-৩-৮৫ ইং এবং নং এস, আর, ও, ১৯৯-আইন/৮৭/সম(এডি-১)-১৫৩/৮৬, তারিখ ২০-৯-৮৭ইং অনুযায়ী। | | |
| ৩৪ | ওয়ারলেস অপারেটর | সরকার কর্তৃক নির্ধারিত বয়সসীমা প্রযোজ্য। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৫ | সিপাই | ঐ | (ক) ১৫% অধিদপ্তরের ৪র্থ শ্রেণীর কর্মচারীদের মধ্যে হইতে পদোন্নতির মাধ্যমে।<br>(খ) ৮৫% সরাসরি নিয়োগের মাধ্যমে।। | (ক) পদোন্নতির ক্ষেত্রেঃ—<br>কোন স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং ফিডার পদে অন্যূন ৪(চার) বৎসর চাকুরী।<br>(১) উচ্চতা ঃ পুরুষ—১· ৬৮ মিটার, মহিলা—১· ৫৭ মিটার। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | (২) বুকের মাপ-৭৮, ৮২ সেঃমিঃ (সম্প্রসারিত)।<br>(৩) ওজন—পুরুষ ৫০ কেজি, মহিলা—৪৬ কেজি।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে :—<br>(১) কোন স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(২) উচ্চতা : পুরুষ—১˙৬৮ মিটার, মহিলা—১˙৫৭ মিটার।<br>(৩) বুকের মাপ—৭৮, ৮২ সেঃমিঃ (সম্প্রসারিত)।<br>(৪) ওজন—পুরুষ—৫০ কেজি, মহিলা—৪৬ কেজি। |
| ৩৬ | ক্যাশ সরকার | সরকার কর্তৃক নির্ধারিত বয়সসীমা প্রযোজ্য। | (ক) এম, এল, এস, এস, পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে :—<br>ফিডার পদে অন্যূন ০৫(পাঁচ) বৎসরের চাকুরী। |

| | | | |
|---|---|---|---|
| | | (খ) পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে, সরাসরি নিয়োগের মাধ্যমে। | (খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ-- কোন স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৭ | ডেসপাচ রাইডার | নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, দপ্তরী, ডেসপাচ রাইডার ও এম, এল, এস, এস, (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) নিয়োগ বিধি, ১৯৮৫ অনুযায়ী। | |
| ৩৮ | দপ্তরী | ঐ | |
| ৩৯ | এম,এল,এস,এস/নৈশপ্রহরী/ ঝাড়ুদার। | ঐ | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

আজিম উদ্দিন আহমদ
সচিব।

মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।